স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ ও জুন, ২০১৪

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

তৃতীয় পত্র [(S-3) SBG-III : Upanyas-Chhoto Golpo-Probondho-Natak]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ ২০ × ২ = ৪০

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের শ্রেণীবিচার সম্পর্কে আলোচনা করুন।

(খ) 'সুন্দরম' গল্পের মধ্যে মনস্তাত্ত্বিকতার দ্যোতনা প্রবলতর হলেও আর্থ-সামাজিক বিভেদের শ্রেণীচেতনা সেখানে কম গুরুত্বপূর্ণ নয়। — আলোচনা করুন।

(গ) বঙ্কিমচন্দ্রের 'গীতিকাব্য' প্রবন্ধটির নিরিখে গীতিকবিতা ও নাটকের তুলনামূলক আলোচনা করুন।

(ঘ) 'নবান্ন' নাটকের শেষ দৃশ্যের তাৎপর্য সম্পর্কে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ ১২ × ৩ = ৩৬

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের অতিপ্রাকৃত উপাদান সম্পর্কে সংক্ষেপে উল্লেখ করুন।

(খ) 'স্ত্রীর পত্র' গল্পের মধ্যে চিত্রিত মৃণালের বাড়ির পরিবেশ ও পারিবারিক অবস্থা সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(গ) 'তারিণীমাঝি' গল্পের পরিণাম কতদূর স্বাভাবিক ও সম্ভাব্য বলে মনে হয় ? আপনার মন্তব্যের সপক্ষে যুক্তি দিন।

(ঘ) রম্যরচনা হিসেবে 'বই কেনা' রচনাংশটির তাৎপর্য বিচার করুন।

(ঙ) 'চড়ক' নিবন্ধটির উৎস নির্দেশ করে লেখকের সমাজ মনস্কতার পরিচয় দিন।

(চ) 'নবান্ন' নাটকের গান ও সংলাপ সম্পর্কে লিখুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) ইংরেজ ডাক্তার বিন্দুদের বাড়িতে কেন এসেছিলেন এবং কী করেছিলেন ?

(খ) 'কপালকুণ্ডলা' রচনার উৎস সম্পর্কে কী জানা যায় লিখুন।

(গ) কেন ইংরেজগণ ভারতবাসীর মনে ইংরেজ জাতির গৌরবকে সর্বদাই জাগিয়ে রাখতে চায় ?

(ঘ) প্রতিটি ঘটনার 'সম্বন্ধ' ও 'শৃঙ্খলা' সম্পর্কে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর বক্তব্যটি পরিস্ফুট করুন।

(ঙ) 'নবান্ন' নাটকের রাধিকা চরিত্রটি সম্পর্কে লিখুন।

(চ) পুঁইমাচাটি কিসের প্রতীক ? অন্নপূর্ণা ও তাঁর দুই মেয়ের কাছে তা কীভাবে প্রতিভাত হয়েছিল ?

(ছ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের মতিবিবি চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে লিখুন।